MAY 1 6 20[illegible]

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ১৩ কলাম ২

# এইচএসসি পরীক্ষা বরিশালে একটি স্কুলে কেন্দ্র স্থাপন নিয়ে প্রশ্ন

বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ বরিশাল শহরে ৪টি সরকারি ও ৬টি বেসরকারি সাধারণ কলেজ থাকতেও অজ্ঞাত কারণে বরিশাল টাউন স্কুলে উচ্চ মাধ্যমিক পর্যায়ের কয়েকজন পরীক্ষার্থীর পরীক্ষা নেয়ার ব্যবস্থা করা হয়েছে।

বরিশাল ইসলামিয়া কলেজে ব্যবসা ও ব্যবস্থাপনা নামে একটি শিক্ষা কোর্স চালু রয়েছে। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক সমমানের এ কোর্সে প্রায় ৭৫ জন ছাত্রছাত্রী রয়েছে। এদের মধ্যে রয়েছে ইসলামিয়া কলেজ ব্যবস্থাপনা কমিটির কয়েকজন সদস্যের আত্মীয়-স্বজন। শহরের অন্য যেকোন কলেজ কেন্দ্রেই তাদের পরীক্ষার ব্যবস্থা করা যেত; কিন্তু তা করা হয়নি। অনেকে মনে করেন পরীক্ষার সময়ে সকলের অলক্ষ্যে বিশেষ সুবিধা দেয়ার জন্যই এ ব্যতিক্রমি ব্যবস্থা নেয়া হয়েছে। উল্লেখ্য, এ কোর্সে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা পরে বি.কম পড়ার সুযোগ পেয়ে থাকে।